

১) রাজ্য সরকারের বিভিন্ন বিভাগে নিযুক্তি লাভ করা ৪শো ৩৯ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান ।

২) আজ কন্যা শিশু দিবস । প্রত্যেক কন্যার স্বপ্ন , প্রতিভা এবং সম্ভাবনাকে সম্মান জানিয়ে তাদের জন্য একটি সুরক্ষিত সমাজ গড়তে রাজ্য সরকার দৃঢ় সংকল্পবদ্ধ বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

৩) দেবী দুর্গাকে আরাধনার জন্য আজ থেকে ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় নবরাত্রি পূজা ।

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে আগামী ১৭ থেকে ১৯ নভেম্বর তিনদিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার ও সাহিত্য উৎসবের আয়োজন ।

রাজ্য সরকার বিভিন্ন বিভাগে নিযুক্তি লাভ করা ৪শো ৩৯ জন প্রার্থীকে আজ আনুষ্ঠানিকভাবে নিযুক্তি পত্র প্রদান করেছে । এই উপলক্ষে শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রের শ্রীশ্রী দামোদরদেব আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত নিযুক্তি প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে

অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে সমবায় বিভাগের কার্যালয়ে সাহাযক পদে ১৫০ জন , সহকারী শাখা প্রবন্ধক পদে ১২৫ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয় । শ্রম কল্যাণ বিভাগে ই এইচ আই সি প্রকল্পের অধীনে ১২ জন বীমা চিকিৎসক আধিকারিকে নিযুক্তি পত্র প্রদান করা হয় । জনস্বাস্থ্য কারিগরি বিভাগের অধীনে ১৮৪ জন কনিষ্ঠ অভিযন্তা , জলসম্পদ বিভাগের অধীনে ৫২ জন সহকারী অভিযন্তা এবং ১৬ জন কনিষ্ঠ অভিযন্তাকে নিযুক্তি পত্র প্রদান করা হয় । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ-কর্মের ওপর আলোকপাত করেন । তিনি নব নিযুক্ত প্রার্থীদের সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে নিজেদের জ্ঞান এবং দক্ষতাকে প্রাসঙ্গিক করে তোলার আহ্বান জানান ।

(বাইট সি-এম)

তিনি বলেন যে ২০০১ সালের আগে রাজ্যে অভিযান্ত্রিক এবং অন্যান্য বৃত্তিমুখী ও কারিগরি পদসমূহে নিযুক্তি স্থবির হয়ে পড়েছিল । সম্প্রতি অভিযান্ত্রিক এবং পলিটেকনিক মহাবিদ্যালয় সমূহে প্রচুর সংখ্যক অধ্যাপক-অধ্যাপিকাকে নিযুক্তি দেওয়া সহ অন্যান্য বিভাগেও নিযুক্তি প্রদান করা হয়েছে । সরকার ২ লক্ষ নিযুক্তি অতিক্রম করার পথে অগ্রসর হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

.....

আজ আন্তর্জাতিক কন্যা শিশু দিবস । কন্যা শিশুদের অধিকার রক্ষা এবং তাদের সুরক্ষার জন্য সচেতনতা সৃষ্টি করতে এই দিবস পালন করা হয় । তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এই দিবস উপলক্ষ্যে প্রচারিত এক বার্তায় বলেছে যে প্রত্যেক কন্যা শিশুকে শিক্ষা , নেতৃত্বদান এবং নিজের ভবিষ্যৎ গড়ার সুযোগ প্রদান করতে হবে । আসামের বিভিন্ন জেলায় আজ আন্তর্জাতিক কন্যা শিশু দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন কার্যসূচির আয়োজন করা হয়েছে । এই উপলক্ষে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা

প্রত্যেক কন্যাকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা প্রত্যেক কন্যার স্বপ্ন , প্রতিভা এবং সম্ভাবনাকে সম্মান জানিয়ে তাদের জন্য একটি সুরক্ষিত সমাজ গড়তে রাজ্য সরকার দৃঢ় সংকল্পবদ্ধ বলে মন্তব্য করেছেন । নিযুত মইনার মত অভিলাষি প্রকল্প সরকারের লক্ষ্যে সফল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

সমগ্র দেশে দেবী দুর্গার আরাধনার জন্য ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনায় আজ শুক্লা প্রতিপদ থেকে নবরাত্রি পূজা আরম্ভ হয়েছে । নবরাত্রির সময়ে দেবী দুর্গাকে ৯ টি রূপে পূজা করা হয় । নবরাত্রির প্রথম দিন অর্থাৎ আজ মা দুর্গাকে হিমালয় কন্যা শৈলপুত্রী হিসেবে আরাধনা করা হয় । দেবী শৈলপুত্রী শক্তি, সুস্থিরতা ও নতুন সূচনার প্রতীক । আগামীকাল ব্রহ্মচারিণী রূপে দেবীকে পূজা করা হবে । এরপর চন্দ্রঘন্টা , কুম্ভাভা, স্কন্দমাতা , কাত্যায়নী রূপে শক্তিরূপিণী মা দুর্গার পূজা করা হবে । অন্যদিকে ষষ্ঠীর সন্ধ্যায় বেলবরণ করার পর সপ্তমীতে কালরাত্রি , মহাষ্টমীতে মহাগৌরী এবং মহানবমীতে সিদ্ধিদাত্রী রূপে পূজা করার পর দশমীতে দেবীকে বিসর্জন দেওয়া হবে । এবার দেবী ঘোড়ায় আগমন এবং নৌকায় গমন করবেন । নবরাত্রি আরম্ভ হবার সঙ্গে সঙ্গে আজ থেকে রাজ্যের কোনো কোনো স্থানে দুর্গা পূজা অনুষ্ঠিত হচ্ছে । শক্তিপীঠ কামাখ্যা ধাম সহ রাজ্যের বিভিন্ন প্রাচীন দেবালয়গুলিতে আজ থেকে ধর্মীয় রীতি-নীতি ও পরম্পরা অটুট রেখে নবরাত্রির পূজা করা হচ্ছে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও আসন্ন শারদীয়া দুর্গাপূজা উপলক্ষ্যে প্রস্তুতি তুঙ্গে । পাঁচদিনব্যাপী এই উৎসবের আর মাত্র কয়েকটা দিন বাকী থাকায় পূজামন্ডপগুলিতে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি । পাশাপাশি দেবী দুর্গার প্রতিমা নির্মাণে মৃৎশিল্পীদের ব্যাস্ততাও পরিলক্ষিত হচ্ছে । দেবীর মৃন্ময়ী রূপকে চিন্ময়ী করে তুলতে প্রতিমায় শেষ তুলির টান দিতে তারা

ব্যস্ত রয়েছেন । এছাড়া পূজোর কেনাকাটা করতে উপত্যকার বিভিন্ন বস্ত্র প্রতিষ্ঠান , জুতোর দোকান ইত্যাদিতে ক্রেতাদের উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয়েছে । সব মিলিয়ে শারদোৎসবকে বরণ করে নিতে বরাক উপত্যকার সর্বত্র এখন সাজ সাজ রব ।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নবরাত্রি উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । উপ-রাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ সামাজিক মাধ্যমে এক বার্তায় দেবী দুর্গার আশীর্বাদ সকলকে শক্তি,সাহস ও সদবুদ্ধি প্রদান করবে বলে কামনা করেন । দেবী জগদম্বার আশীর্বাদে সরকার একটি শক্তিশালী ,সমৃদ্ধিশালী এবং উন্নত ভারত গড়ার সংকল্প পূরণ করতে সক্ষম হবে বলেও আশাপ্রকাশ করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় দেবী জগদম্বার আশীর্বাদ সবার জীবনে ,সুখ, ,শান্তি ,সমৃদ্ধি ও সুস্বাস্থ্যের বার্তা বয়ে নিয়ে আসবে বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে এই উৎসব জাতীয় একতার মনোভাব এবং দেশের প্রগতির সংকল্প সুদৃঢ় করবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।

.....

আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে আগামী ১৭ ,১৮ ও ১৯ নভেম্বর তিনদিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার ও সাহিত্য উৎসবের আয়োজন করা হয়েছে । এতে স্পেন ,উরুগুয়ে , ইতালি ,সুইজারল্যান্ড ,ব্রিটেন ,বাংলাদেশ সহ বিভিন্ন দেশের কবি,সাহিত্যিক ,গবেষক ও শিক্ষাবিদরা অংশগ্রহণ করবেন । আসাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠেয় তিনদিনব্যাপী সেমিনার ও সাহিত্য উৎসবে পরিবর্তনশীল পৃথিবীতে সাহিত্যের ভূমিকা , বিশ্বায়নের যুগে সাহিত্য কিভাবে ভৌগলিক ও ভাষাগত সীমা অতিক্রম করে মানুষের মধ্যে সংযোগ তৈরী করতে পারে ইত্যাদি নানা বিষয়ে আলোচনা করা হবে ।

.....

ৰাজ্য সরকার আসম শিল্পী পেন্সন এবং বিশেষ পরিবার পেন্সন তথা বার্ষিক শিল্পী সন্মানের জন্য আহ্বান করা আবেদন পত্র দাখিল করার সময়সীমা বৃদ্ধি করেছে । ৰাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের আজ এই মৰ্মে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে আবেদন পত্র দাখিল করার সময়সীমা ২২ অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করার কথা ঘোষণা করা হয়েছে । আবেদনকারিরা ২২ অক্টোবর রাত ১২টার মধ্যে WWW.directorculture.assam.gov.in এই ওয়েবসাইটে অন-লাইন যোগে আবেদন করতে পারবেন । এ ক্ষেত্রে যে কোন ধরনের অসুবিধার জন্য ৯৪০১১৮৩৯৯৬ নম্বরে বেলা ১০টা থেকে ৫টার মধ্যে বিভাগের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য যে গত ১০ সেপ্টেম্বর ২০২৬-২৭ সালের আসাম শিল্পী পেন্সনের জন্য সরকার বিভিন্ন ছাপা মাধ্যমে বিজ্ঞাপন প্রকাশ করেছিল ।

.....

মনিপুরে পুনরায় হিংসাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে । গতকাল কামজং , উখরুল এবং কাংকপি জেলায় কুকি এবং নাগা সশস্ত্র গোষ্ঠীর মধ্যে সংঘটিত হিংসাত্মক ঘটনায় ১ জন মহিলা সহ ৯ জন সাধারণ লোক নিহত হয়েছেন । নাগা এবং কুকি সম্প্রদায়ের ১৪টি ঘরেও দুষ্কৃতকারিরা অগ্নিসংযোগ করে । ৪২ বছর বয়সের একজন কুকি মহিলাকে হত্যা করার ঘটনাকে কেন্দ্র করে মনিপুরে নতুনকরে হিংসাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে । পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য মনিপুর পুলিশ এবং আধা সামরিক বাহিনি ওইসব জেলায় অভিযান অব্যাহত রেখেছে । গত প্রায় ৩ বছর ধরে মনিপুরে হিংসাত্মক পরিবেশ বিরাজ থাকায় জনমানসে আবারও নতুন করে আতঙ্কের সৃষ্টি হয়েছে । মনিপুরের মুখ্যমন্ত্রী খেমচান্দ সিং ৰাজ্যের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে নতুন দিল্লীতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে ৰাজ্যের সার্বিক পরিস্থিতি তাকে অগত করেন । সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী

রাজ্যে পুনরায় শান্তি ফিরিয়ে আনতে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন ।

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের আয়ুক্ত ও সচিব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমির তথ্য ও জনসংযোগ আধিকারীক সাজ্জাদুল হক চৌধুরীকে বরাক উপত্যকা রিজিওনের উপ-সঞ্চালক পদে শিলচরে পদনোতি দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে শিলচর বরাক উপত্যকা রিজিওনের দায়িত্বে থাকা লাকী বিশ্বাসকে একই পদে গুয়াহাটীতে রাজ্যপালের কার্যালয় লোক ভবনে স্থানান্তরিত করা হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসন থেকে জরুরী সড়ক মেরামতির জন্য শ্রীভূমি শহরের ভিতর দিয়ে যাওয়া ৩৭ নম্বর জাতীয় সড়কে রাতের বেলা যান চলাচলে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত লালরোহলু খিয়েংতে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শহরের প্রবেশ মুখের এ ও সি পয়েন্ট থেকে সুতারকান্দি পর্যন্ত ৩৭ নম্বর জাতীয় সড়কের শহর অংশে আগামীকাল থেকে আগামী ১৪ই অক্টোবর পর্যন্ত প্রতিদিন রাত ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অ্যাম্বুল্যান্স ও দমকলের মতো জরুরী পরিষেবার গাড়িকে ছাড় দেওয়া হবে ।

শিলচরের আমরা সবাই স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে আসন্ন শারদীয় দুর্গাপূজা ও প্রতিমা নিরঞ্জনের সময় ডিজে বাজানো ও অশালীন নৃত্যের প্রতিবাদে জেলা আয়ুক্ত , পুলিশ সুপার ও দূষন নিয়ন্ত্রন পর্ষদের কার্যবাহী বাস্তুকারের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য স্মারক পত্র প্রদান করা

হয়েছে । পাশাপাশি সংগঠনের পক্ষ থেকে এ বিষয়ের উপর জনমত গঠনেরও প্রয়াস করা হচ্ছে ।

কাছাড় জেলার ধলাই বিধানসভা কেন্দ্রের পালংঘাট আই সি ডি এস প্রকল্পের ১২০ নম্বর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আজ সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে অঙ্গন মিলন সেবা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার প্রদত্ত এক হাজার টাকা করে চেক বিজেপির কাছাড় জেলা কমিটির সম্পাদক পরেশ তাঁতি অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের হাতে তুলে দিয়েছেন ।
